

T/AM


65

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 22 NOV 1986

030

পৃষ্ঠা... ! ... 8 ...



আসিটি শিক্ষকদের বেতন কাঠামো ঘোষণা

গতকাল (শুক্রবার) এক তথ্য বিবরণীতে সরকার বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বেতন কাঠামো ঘোষণা করিয়াছেন। এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হইবে। সাধারণ বিশ্ববিদ্যালয় ও কারিগরি বিশ্ববিদ্যালয়ে ননটেকনিক্যাল বিষয়ে ১৬৫০ টাকার স্থলে ১৮৫০ টাকা এবং কারিগরি বিশ্ববিদ্যালয় টেকনিক্যাল বিষয়ে ১৯৫০ টাকার স্থলে ২০৫০ টাকা একটি অগ্রিম ইনক্রিমেন্ট সহ ধার্য করা হইয়াছে।

দুই বছর সম্ভোষণক চাকু- (২য় পৃঃ দ্রঃ)

বেতন কাঠামো

(১ম পৃঃ পর)

রীর পর প্রভাষকদের পরবর্তী স্কেল অর্থাৎ ১৮৫০-০২২০ টাকা বেতনক্রম প্রদান করা হইবে। ৪ বছর সম্ভোষণক চাকুরীর পর অন্ততঃ একটি গবেষণা প্রকাশনা থাকা সাপেক্ষে মোট পদের এক তৃতীয়াংশ সংখ্যক প্রভাষক ২৪ শত টাকার স্কেল লাভ করিবেন। দুইটি অনুমোদিত গবেষণা থাকিলে একজন সহকারী অধ্যাপক ২৮ শত টাকার স্কেলে ৩০৫০ টাকা প্রারম্ভিক বেতন পাইবেন।

শিক্ষকতা পদে নিযুক্তি ও সব পদের ন্যূনতম যোগ্যতা বিশ্ব-

বিদ্যালয় মজুরী কমিশনের বিধি অনুসারে হইবে। সরকারী কর্মকর্তা ও তাহাদের পরিবারবর্গের অনুরূপ বিশ্ববিদ্যালয় শিক্ষক ও তাহাদের পরিবার চিকিৎসার সুযোগলাভ করিবেন। গবেষণা কাজে বার্ষিক সর্বোচ্চ ১২ শত টাকা বই খরিশের জন্ম দেওয়া হইবে। উৎসব ভাতা ও বিনোদন ভাতা বিষয়ক সরকারী বিধি বিশ্ববিদ্যালয়ে সমভাবে কার্যকর হইবে।

কৃষি বিশ্ববিদ্যালয়কে পূর্বের মত শিক্ষা মন্ত্রণালয়ে সংযুক্ত করা হইবে। শিক্ষকদের চাকুরীর রক্ষণসীমা বিশ্ববিদ্যালয় আইন অনুসারে নির্ধারিত হইবে।